৭১

দৈনিক ইনকিলাব

তারিখ 09 DEC 1998
পৃষ্ঠা ২২ কলাম ৬

### ট্রাকে অগ্নিসংযোগ ঃ সড়ক অবরোধ ঃ গাড়ী ভাঙচুর

# ট্রাক-ট্রেন সংঘর্ষে চট্টগ্রাম ভার্সিটির ২০ ছাত্র-ছাত্রী আহত

চট্টগ্রাম ব্যুরো ঃ নগরীর পাঁচলাইশ থানাধীন বিবিরহাট রেল ক্রসিংয়ে গতকাল (মঙ্গলবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাটল ট্রেনের সাথে একটি ইটবাহী ট্রাকের মধ্যে সংঘর্ষে ২০ জন ছাত্র-ছাত্রী আহত হয়েছে। আহতদের মধ্যে ১০ জনের অবস্থা আশংকাজনক। এই ঘটনার প্রতিবাদে বিক্ষুব্ধ ছাত্ররা ট্রাক (চট্ট মেট্রো-ন-২৭৮)টি জ্বালিয়ে দিয়েছে। এ সময় ছাত্ররা ১০টি গাড়ী ভাঙচুর করে এবং হামজারবাগে শোলশহর এলাকা প্রায় ২ ঘণ্টা অবরোধ করে রাখে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে বিশ্ববিদ্যালয় স্টেশন থেকে ১টা ২০ মিনিটে ছেড়ে আসা শাটল ট্রেনটি বেলা আড়াইটা নাগাদ বিবিরহাট এলাকায় এসে পৌঁছে। ট্রেনটি বিবিরহাট রেল ক্রসিং অতিক্রমকালে ইটবাহী ট্রাকটি দ্রুতগতিতে রেল ক্রসিং এলাকায় ঢুকে পড়ে এবং পেছনের বগিকে ধাক্কা দেয়। ট্রাকের প্রচণ্ড ধাক্কায় একজন ছাত্র ছিটকে জানালা দিয়ে মাটিতে পড়ে যায় এবং উক্ত বগিতে থাকা প্রায় ২০ জন ছাত্র-ছাত্রী আহত হয়। উক্ত রেল ক্রসিং এলাকায় কোন ক্রসিং বার ছিল না। ট্রাকের ধাক্কায় মাটিতে পড়ে আহত ছাত্রের নাম মোঃ কামাল উদ্দিন (২০)। সে রাজনীতি বিজ্ঞান বিভাগের ১ম বর্ষের ছাত্র। কামাল বসার সীট না পেয়ে জানালায় বসেছিল। আহতদের মধ্যে ইসলামের ইতিহাস শেষ বর্ষের ছাত্র হেদায়েত উল্ল্যা, কামরুন নাহার, শাহ[illegible]হান কবির, অর্থনীতি ২য় বর্ষের ছাত্র কাজী ওমর খালেদ, ইসলামের ইতিহাস ৩য় বর্ষের ছাত্র শামসুল আলম ও রাজনীতি বিজ্ঞান ১ম বর্ষের ছাত্র মোঃ কামাল উদ্দিনের অবস্থা আশংকাজনক। তাদের সবাইকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনার প্রতিবাদে শত শত ছাত্র-ছাত্রী ট্রেন থেকে নেমে বিক্ষোভে ফেটে পড়ে। তারা রেল কর্তৃপক্ষের অব্যবস্থাপনার বিরুদ্ধে শ্লোগান দেয়।